

## মুখ-গলার ক্যানসার বাড়ছে উত্তরে, উদ্বিগ্ন চিকিৎসকরা

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি : পাহাড়ে গুটখা নিবিদ্ধ হওয়ার কারণ এবার হাতেনাতে। লাগামছাড়া তামাক ও গুটখার নেশায় আসক্ত হয়ে উত্তরবঙ্গের সাত জেলা-সহ পাহাড়ে মুখ ও গলার ক্যানসার আক্রান্তের সংখ্যা দ্রুত বাড়ছে বলে দাবি করলেন বিশেষজ্ঞ চিকিৎসকরা। আক্রান্তদের মধ্যে মহিলাদের সংখ্যাও উর্ধ্বমুখী বলে জানিয়েছেন তাঁরা।

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালের রিপোর্ট বলছে, ফি-বছর প্রায় দেড় হাজার নতুন ক্যানসার আক্রান্ত রোগীর রেজিস্ট্রেশন হচ্ছে। তার মধ্যে মুখ ও গলার ক্যানসারে আক্রান্ত অন্তত তিরিশ শতাংশ। এর একটা বড় অংশ পাহাড়ের বাসিন্দা। অতিরিক্ত মদ্যপানের কারণে পাহাড়বাসীর মধ্যে খাদ্যনালির ক্যানসার বাড়ছে বলে জানিয়েছেন উত্তরবঙ্গ মেডিক্যালের চিকিৎসকরা। এদিকে, বুধবার থেকে উত্তরবঙ্গ মেডিক্যালের তীব্র মাদকাসক্তদের জন্য চালু হয়েছে ওপিওয়েড সাবস্টিটিউশন থেরাপি বা ওএসটি চিকিৎসা, যা উত্তরবঙ্গে প্রথম বলে দাবি কর্তৃপক্ষের। এদিন মেডিক্যালের মানসিক রোগীদের জন্য অন্তর্বিভাগেরও উদ্বোধন করেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী গৌতম দেব। এদিন থেকেই উত্তরবঙ্গ মেডিক্যালের চালু হয়েছে জরুরি পর্যবেক্ষণ ওয়ার্ড। মেডিক্যালের সুপার সব্যসাচী দাস বলেছেন, “মাদকাসক্তদের ওএসটি চিকিৎসার মাধ্যমে সুস্থ জীবনে ফেরানোর চেষ্টা শুরু হয়েছে এদিন থেকে।”

শিলিগুড়ির রাঙাপানি ক্যানসার হাসপাতালের তরফে এদিন সাংবাদিক বৈঠকে দাবি করা হয়, উত্তরবঙ্গজুড়ে নিখরচায় ক্যানসার স্ক্রিনিং ক্যাম্পের আয়োজন করছে তারা। মাসে আটটি ক্যাম্প হবে। আগামী ৭ নভেম্বর দার্জিলিং থেকে শুরু হচ্ছে ওই ক্যাম্প। চিকিৎসকদের বক্তব্য, সুস্থ ব্যক্তিও ক্যানসার স্ক্রিনিং করতে পারেন। তাতে আগাম চিকিৎসার মাধ্যমে সামান্যতম ক্যানসারের সম্ভাবনাও রুখে দেওয়া যায়।